



নং-০৫.০০.০০০০.১৩৯.০৮.০০৯.১৯-৬২

তারিখ: ২৭ মাঘ ১৪২৭  
১০ ফেব্রুয়ারি ২০২১

পরিপত্র

বিষয়: মাঠ পর্যায়ের বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত সহকারী কমিশনার হতে বিভাগীয় কমিশনার পর্যন্ত কর্মকর্তাগণের বহির্বাংলাদেশ ছুটির আবেদন নিষ্পত্তি সহজীকরণ।


মাঠ পর্যায়ের বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত সহকারী কমিশনার হতে বিভাগীয় কমিশনার পর্যন্ত কর্মকর্তাগণের বহির্বাংলাদেশ ছুটির আবেদনের ক্ষেত্রে নিষ্পত্তি সহজীকরণের লক্ষ্যে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করতে হবে:

(ক) বহির্বাংলাদেশ ছুটির আবেদন ই-নথির মাধ্যমে প্রেরণ করতে হবে;

(খ) সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), সিনিয়র সহকারী কমিশনার, উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসকের বহির্বাংলাদেশ ছুটির আবেদনসমূহ জেলা প্রশাসক কর্তৃক ই-নথির মাধ্যমে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অনুলিপি সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে অবহিত করার জন্য প্রেরণ করতে হবে;

(গ) জেলা প্রশাসক, অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও বিভাগীয় কমিশনারের বহির্বাংলাদেশ ছুটির আবেদন বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে ই-নথির মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মন্ত্রিপরিষদ বিভাগের মতামত/সম্মতি গ্রহণের জন্য ই-নথির মাধ্যমে প্রেরণ করতে হবে।

০২। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো। উক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
২০/০২/২০২১

(শেখ ইউসুফ হারুন)

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিতরণ:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, .....।
- ৪। জেলা প্রশাসক,.....।
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা,.....।
- ১১। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব এর ব্যক্তিগত কর্মকর্তা (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।